

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – কবিতা – একদিন রাতে

কবিতার নাম – একদিন রাতে

কবির নাম – রবীন্দ্রনাথ ঠাকুর

কবিতার সংক্ষিপ্তসার:-

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর একদিন রাতে কবিতাটিতে একটি ছোটো ছেলের দেখা এক মজার স্বপ্নের ব্যাখ্যা করেছেন, যে স্বপ্নটি সেই ছোটো ছেলেটিকে তার সাথী বিনু দেখতে বলেছিল।

ছোটো ছেলেটি স্বপ্নের মধ্যে চেয়ে দেখছে কলকাতা শহরটি নড়তে নড়তে চলছে আর তার ফলে বাড়ির ছাদের সব কড়ি-বরগা গুলিতে লাগছে ঠোকাঠুকি।

ইঁট দিয়ে তৈরি সব বাড়িগুলো সারিবদ্ধভাবে জানালা-দরজা সাথে নিয়ে একই সাথে চলছে।

রাস্তা দেখে যেন মনে হচ্ছে রাস্তায় সব অজগর সাপ চলছে আর রাস্তার ওপর সব ট্রামগাড়ি ধুপ্ ধাপ্ পড়ছে।

যেন মনে হচ্ছে সব দোকান বাজার নামছে আর উঠছে এবং একটি ছাদের ওপর আর একটি ছাদ মাথা ঝাঁকিয়ে মরছে।

হাওড়া ব্রিজের চলার গতি দেখে মনে হচ্ছে বিশাল একটি বিছের মত আর সেই বিছের পিছন পিছন চলছে হ্যারিসন রোড।

বিশাল আকার-এর মনুমেন্ট ও যেন খ্যাপা হাতির মত শূন্যে শুঁড় দোলাচ্ছে।

যেন মনে হচ্ছে স্কুল ছুটে চলেছে সাথে অঙ্ক এবং ব্যাকরণ বই নিয়ে।

দেখে মনে হচ্ছে দেওয়ালেতে ঝোলানো ম্যাপগুলো ছট্ ফট্ করতে করতে ঝাপটা মারছে ঠিক যেমন পাখি পাখা দিয়ে ঝাপটা মারে।

ঘণ্টা যেন না থেমে ঢং ঢং করে বেজে চলেছে।

লক্ষ লক্ষ লোক বলছে এবার থামো কিন্তু কলকাতা শহর যেন নিজের খেয়ালে নাচতে নাচতে চলেই যাচ্ছে।

ছোটো ছেলেটি এটাও ভাবছে, কলকাতা শহরটি সোজা বোম্বাই, দিল্লী, লাহোর, আগ্রা যেখানে খুশি যাক না কেন, সে যেন শুধু মাথায় পাগড়ি আর পায়ে নাগরা পড়তে পারলেই খুশি।

যদি কলকাতা শহর বিলাতের দিকেও ছুটে যায় তাতে সেই ছোটো ছেলেটির কোনো অসুবিধা নেই, সে শুধু সেখানকার পোশাক বুট-হ্যাট-কোট পড়তে পারলেই খুশি।

কোনো একটি কিছুর শব্দে ছোটো ছেলেটির যখন ঘুম ভাঙলো, তখন সে দেখলো কলকাতা শহরটি আগে যেমন ছিল ঠিক তেমনই কলকাতাতেই আছে।

Work Sheet

Q-1. এক কথায় উত্তর দাও:-

(I) একদিন রাতে কবিতাটির কবির নাম কি?

Ans:-

(II) স্বপ্ন দেখার কথা কে বলেছিলেন?

Ans:-

(III) স্বপ্নের মধ্যে কলকাতা শহরটি কিভাবে চলছিল?

Ans:-

(IV) স্বপ্নের মধ্যে স্কুল হন্ হন্ করে ছুটে চলার সময় অঙ্কের বই-এর সাথে আর কোন বই সাথে নিয়ে যাচ্ছিল?

Ans:-

(V) ঘুম ভাঙার পর ছোটো ছেলেটি কলকাতা শহরটিকে কোথায় দেখতে পেয়েছিল?

Ans:-

Q-2. শূন্যস্থান পূরণ করঃ-

- (I) একদিন রাতে আমি _____ দেখিনি—
“চেয়ে দেখো” “_____” বলে যেন বিনু ।
- (II) ইঁটে-গড়া _____ বাড়িগুলো _____
চলিয়াছে, দুদাড় _____ দরোজা ।
- (III) রাস্তা চলেছে যত _____ সাপ,
পিঠে তার _____ পড়ে _____ ।
- (IV) হাওড়ার ব্রিজ চলে মস্ত সে _____ ,
হ্যারিসন _____ চলে তার পিছে _____ ।
- (V) মনুমেন্টের দোল, যেন খ্যাপা _____
শূন্যে _____ গুঁড় উঠিয়াছে _____ ।

Q-3. সঠিক উত্তরে (✓) চিহ্ন দাও:-

1) একদিন রাতে কবিতাটির কবির নাম কি?

(I) মানকুমারী বসু

(II) রবীন্দ্রনাথ ঠাকুর

2) বুট-হ্যাট-কোট কোন জায়গার পোশাক?

(I) লাহোর-এর

(II) বিলাত-এর

3) একদিন রাতে কবিতাটিতে যে ছোটো ছেলেটির দেখা এক মজার স্বপ্নের ব্যাখ্যা করা হয়েছে, সেই ছোটো ছেলেটি আসলে কে?

(I) কবি নিজেই

(II) বিনু

4) একদিন রাতে কবিতাটিতে কবি কখন স্বপ্ন দেখেছিলেন?

(I) দিনে

(II) রাতে

5) হাওড়া ব্রিজকে কবি কার সঙ্গে তুলনা করেছেন?

(I) বিছে

(II) হাতি

Q-4. পরের লাইনটি লেখো:-

(I) আমাদের ইঙ্কুল ছোটে হন্ হন,

_____ |

(II) কলিকাতা শোনে নাকো চলার খেয়ালে;

_____ |

(III) আমি মনে মনে ভাবি, চিন্তা তো নাই,

_____ |

(IV) কিস্বা সে যদি আজ বিলাতেই ছোটে

_____ |

(V) কিসের শব্দে ঘুম ভেঙে গেল যেই—

_____ |

পাঠমালার * পাঠ-অভ্যাস *

Page No.11 Question No: - 1. (ক)

Page No.11 Question No: - 2. (ঘ)